

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
শিবালয়, মানিকগঞ্জ

স্মারক নং: উখানি/শিবা/খাদ্যবান্ধব/২০২৬- ৬ ২

তারিখ: ২১/০১/২০২৬ খ্রি:

বিষয়: ইউনিয়ন পর্যায়ে খাদ্য বান্ধব কর্মসূচির নতুন উপকারভোগীদের তালিকা ১৭ কলামে মাইক্রোসফট এক্সেল ফাইলে নিকস্ ফন্টে হালনাগাদ করে অত্রদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: খাদ্য মন্ত্রণালয় সরবরাহ-১ শাখার ১৪/০১/২০২৬ খ্রি: তারিখের ১০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে খাদ্য বান্ধব কর্মসূচির উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণের কার্যক্রম শুরু হয়েছে। উক্ত সূত্রের নির্দেশনা অনুযায়ী শিবালয় উপজেলার ৭টি ইউনিয়নে ২০০০ জন উপকারভোগীর সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। সে লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাপ্যতা অনুযায়ী প্রকৃত হতদরিদ্র তালিকাভুক্ত করার লক্ষ্যে আপনার ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের ভেতর থেকে (নিম্নআয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম) ১৭ কলামে মাইক্রোসফট এক্সেল ফাইলে (নিকস) সফট তালিকা তৈরি করে ইউনিয়ন বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদন পূর্বক সভার কার্যপত্র সহ তালিকার হার্ডকপি এবং সফট কপি (এক্সেল ফাইলে) ucfshibalaya18@gmail.com এই ঠিকানায় আগামী ০৮.০২.২০২৬ খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। নির্ধারিত সময়সীমার ভেতর তালিকা এবং ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির তালিকা অনুমোদনের সভার কার্যপত্র প্রেরণ করা না হলে আপনার ইউনিয়নের বাসিন্দাদের চাল গ্রহণ প্রক্রিয়াতে জটিলতা তৈরি হবে। উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক তালিকা চূড়ান্ত অনুমোদন হওয়া মাত্র ইউডিসি কর্তৃক ভোক্তা ভেরিফিকেশন প্রক্রিয়া শুরু করা হবে।

বি: দ্র: নিম্নোক্ত নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সংবলিত প্রদান করতে হবে। আপনার ইউনিয়নের জন্য নির্ধারিত নতুন আপলোডযোগ্য ভোক্তার সংখ্যা সংযুক্তি ছক আকারে প্রদান করা হল। প্রতিটি তালিকার হার্ডকপিতে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির সকল সদস্যগণের তারিখ সংবলিত স্বাক্ষর প্রদান নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ তথ্য প্রদান হেতু কার্ড বরাদ্দ এবং গ্রাহকের চাল বিতরণে ব্যর্থতায় দায় এড়ানোর সুযোগ নেই।

ভোক্তাদের তথ্য চাহিদার ছক

জেলা নাম	উপজেলার নাম	তথ্য হালনাগাদের তারিখ													
ক্র. নং	উপকারভোগীর নাম	পিতার নাম	জন্ম তারিখ	পেশা	গ্রামের নাম	ওয়ার্ড নং	ইউনিয়নের নাম	জাতীয় পরিচয়পত্র নং	মোবাইল নং	খামি/স্ত্রী নাম	খামি/স্ত্রী জন্ম তারিখ	রেজিস্ট্রার্ড ডিলারের নাম	রেজিস্ট্রার্ড ডিলারের এনআই ডি	রেজিস্ট্রার্ড ডিলারের মোবাইল নং	ভোক্তার ধরন (নতুন = N, পরিবর্তন = R)

শিবালয় উপজেলার ইউনিয়নসমূহের মোট জনসংখ্যার বিন্যাস অনুযায়ী শতকরা হিসাবে ৭টি ইউনিয়নের বরাদ্দকৃত নতুন উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

ইউনিয়ন	মোট জনসংখ্যা	শতকরা হিসাবে অনুযায়ী নতুন উপকারভোগীর প্রাপ্যতা সংখ্যা	বর্তমান উপকারভোগীর সংখ্যা	ইউনিয়নওয়ারী মোট উপকারভোগীর সংখ্যা
তেওতা	৩৫৭৫০	৩৮২	১০২৬	১৪০৮
উথলী	২৯৪১৫	৩১৪	৭৪৫	১০৫৯
শিবালয়	২৬৬৯৫	২৮৪	৮০১	১০৮৫
উলাইল	৩০৪২৮	৩২৪	৭৮২	১১০৬
আরুয়া	১৪৬৪০	১৫৮	৪০৮	৫৬৬
মহাদেবপুর	২৫৯৪১	২৭৬	৭১২	৯৮৮
শিমুলিয়া	২৪৫৯৩	২৬২	৭০৪	৯৬৬
মোট	১৮৭৪৬২	২০০০	৫২৭৬	৭১৭৮

*স্বাক্ষর*

## অতীত জরুরী

সে প্রেক্ষিতে আপনার ইউনিয়নের জন্য বরাদ্দকৃত নতুন উপকারভোগী গ্রাহকদের তালিকা এবং খাদ্যবান্ধব কর্মসূচির মত ভোক্তাদের (যদি থাকে) এনআইডি কার্ডের অনুলিপি, অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ ও মৃতদের পরিবর্তে নতুন আপলোডযোগ্য তালিকার সফটকপি (ইউনিকোড ফন্ট ব্যবহার করে মাইক্রোসফট এক্সেল) ও হার্ড কপি ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির সভার কার্যবিবরণীসহ ০৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক,

- ১। প্রশাসক / চেয়ারম্যান, ..... ইউপি (সকল) শিবালয়, মানিকগঞ্জ।
- ২। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ..... ইউপি (সকল) শিবালয়, মানিকগঞ্জ।

  
২১/০১/২৬  
শামছুন নাহার

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

শিবালয়

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

শিবালয়, মানিকগঞ্জ।

তারিখ: ২১/০১/২০২৬ খ্রি:

স্মারক নং: উখানি/শিবা/খাদ্যবান্ধব/২০২৬-

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয় মানিকগঞ্জ।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), শিবালয়, মানিকগঞ্জ।
- ৬। খাদ্য পরিদর্শক ইনচার্জ, উথলী খাদ্য গুদাম, শিবালয়, মানিকগঞ্জ।
- ৭। খাদ্যবান্ধব ডিলার, শিবালয় (সকল ইউনিয়ন) মানিকগঞ্জ।
- ৪। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

শিবালয়

ও

সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

শিবালয়, মানিকগঞ্জ।